# নরসিংদী পৌরসভা কার্যালয়

সভা নং-২৯ নরসিংদী।

**পৌর পরিষদের জুলাই/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্য বিবরণী**

সভাপতি ঃ আমজাদ হোসেন বাচ্চু, মেয়র, নরসিংদী পৌরসভা, নরসিংদী ।
স্থান ঃ নরসিংদী পৌরসভার সভাকক্ষ।
তারিখ ও বার ঃ ২৭/০৭/২০২৩ খ্রিঃ, রোজ- বৃহস্পতিবার।
সময় ঃ সকাল-১১:০০ ঘটিকায়।

উপস্থিত সদস্যবৃন্দের নাম হাজিরা স্বাক্ষরের ক্রমানুসারে পরিশিষ্ট "ক" তে সংযোজিতঃ

সভাপতি আলোচ্যসূচী মোতাবেক আলোচনার সূত্রপাত করার জন্য পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মাহফুজুর রহমানকে বলা হলে তিনি সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্যসূচী মোতাবেক বিস্তারিত আলোচনা পর্যালোচনার পর পর্যায়ক্রমে নিম্নের বিবরণ অনুযায়ী সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১। বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মাহফুজুর রহমান বিগত ০৪/০৭/২০২৩ ইং তারিখের বিশেষ জরুরী সভার কার্য বিবরণী পাঠ করেন এবং তা অদ্যকার সভায় অনুমোদনের জন্য উপস্থিত সদস্যদের অনুরোধ জানান। | সভার কার্যবিবরণী পাঠ করিয়া শুনানোর পর বিস্তারিত আলোচনান্তে আংশিক সংশোধনী থাকায় তা সংশোধন করণ সহ অন্যান্য সিদ্ধান্ত সমূহ সর্ব সম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত হয় । | পৌর নির্বাহী কর্মকর্তা নরসিংদী পৌরসভা |
| ০২। ৫, ৮ ও ১৫ আগস্ট/২০২৩ উদ্‌যাপন বিষয়ে আলোচনা। | সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ৫ আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪তম জন্মবার্ষিকী, ৮ আগষ্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের ৯৩তম জন্ম বার্ষিকী ও ১৫ আগস্ট/২০২৩ খ্রিঃ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সদস্যসহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং তাদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে দাড়িয়ে ০১ (এক) মিনিট নীরবতা পালনের জন্য সকলকে বিনীত অনুরোধ জানান। | উক্ত আলোচ্যসূচী মোতাবেক সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সদস্যসহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা এবং তাদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনে দাড়িয়ে ০১ (এক) মিনিট নীরবতা পালন করেন। | পৌর পরিষদ নরসিংদী পৌরসভা। |
| ০৩। বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ও শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর জন্মবার্ষিকী পালন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। | সভাপতির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আগামী ৫ আগষ্ট শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪তম জন্মবার্ষিকী এবং ৮ই আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর সহধর্মিনী বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের ৯৩তম জন্মবার্ষিকী পালন করার সরকারি নির্দেশনা রয়েছে বিধায় এই বিষয়ে পরিষদ সভায় সকলকে মতামত ব্যক্ত করার আহ্বান জানান। | উপরোক্ত আলোচসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। আগামী ৫ আগষ্ট শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪তম জন্মবার্ষিকী এবং ৮ই আগষ্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের ৯৩তম জন্মবার্ষিকী পালন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌর পরিষদ নরসিংদী পৌরসভা। |

২৭.৭.২৩

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৪। ১৫ আগস্ট/২০২৩ খ্রিঃ জাতীয় শোক দিবস পালন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। | সভাপতির অনুমতিক্রমে অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মাহফুজুর রহমান পরিষদ সভায় উপস্থিত সদস্যবৃন্দের উদ্দেশ্যে বলেন মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সদস্যসহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনার্থে "জাতীয় শোক দিবস/২০২৩" ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের বিষয়ে সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ ও কর্মকর্তাবৃন্দের সুচিন্তিত মতামত ব্যক্ত করার জন্য আহ্বান জানান। | উক্ত আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে ১৫ আগস্ট/২০২৩ খ্রিঃ জাতীয় শোক দিবস উপলক্ষে সর্ব কালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সদস্যসহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনার্থে আগামী ১৫ আগস্ট ২০২৩ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ ও ১১:০০ ঘটিকা পৌর সভাকক্ষে কোরআন খতম, আলোচনা সভা, দোয়া মাহফিল ও তবারক বিতরণের আয়োজন করা মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় এবং উক্ত অনুষ্ঠানটি সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনা করার জন্য নিম্নলিখিত ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট নিম্নরুপ কমিটি গঠন করা হয়।<br>১। জনাব মোঃ মোজাম্মেল হক সরকার, আহ্বায়ক।<br>২। জনাব মোঃ জহিরুল ইসলাম কাউন্সিলর, সদস্য<br>৩। জনাব মোঃ দিদার হোসেন (ফটু), কাউন্সিলর, সদস্য<br>৪। জনাব মোঃ সাইফুল ইসলাম ভূইয়া, কাউন্সিলর, সদস্য<br>৫। জনাব ডাঃ সাজেদুল হক, মেডিকেল অফিসার, সদস্য সচিব। উক্ত কমিটি অনুষ্ঠান সমাপনান্তে সমূদয় খরচের বিল ভাউচার দাখিল করবেন। দাখিলকৃত বিল যাচাই-বাছাইয়ান্তে পৌর তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌর পরিষদ নরসিংদী পৌরসভা। |
| ০৫। মেয়র মহোদয়ের UCLG ASIA PACIFIC AND WILL SEND MEMBERSHIP গ্রহণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। | সভাপতি উপস্থিত সদস্যদের অবগত করান যে, Narsingdi Municipality Council Has Decided to Join UCLG ASIA PACIFIC AND WILL SEND MEMBERSHIP গ্রহণ করার জন্য পত্র দ্বারা অনুরোধ জানিয়েছেন। উক্ত প্রতিষ্ঠানের সদস্য হতে হলে পরিষদ সভার সিদ্ধান্ত গ্রহন করে তাদেরকে সভার কার্য বিবরণী সহ পত্র দ্বারা অবগত করতে হবে, এই বিষয়ে মতামত প্রদানের জন্য উপস্থিত সদস্যদের অনুরোধ জানান। | সভাপতির প্রস্তাবে উপস্থিত সকলে একমত পোষণ করেন এবং উক্ত প্রতিষ্ঠানের সদস্য হতে হলে যা করনীয় তার কার্যক্রম গ্রহন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা নরসিংদী পৌরসভা। |
| ০৬। উন্নয়ন সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ মনিরুজ্জামান বিভিন্ন ওয়ার্ডের জনগুরুত্ব পূর্ন কাজ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের স্বার্থে নিম্নোক্ত তালিকা ভূক্ত কাজগুলো প্রাক্কলনসহ সভায় উপস্থাপন করেন। উক্ত বিষয়ে বিশদ আলোচনা ও পর্যালোচনা হয়। সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলরবৃন্দ এ বিষয়ে প্রয়োজনীয় আলোকপাত করেন। | সভায় সর্বসম্মতিক্রমে উক্ত প্রাক্কলনসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয় এবং পৌরসভার নিজস্ব তহবিল হতে উক্ত কাজের জরুরী ভিত্তিতে ইজিপি-তি এলটিএম পদ্ধতিতে দরপত্র আহ্বানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রকৌশল বিভাগকে অনুমতি দেয়া যেতে পারে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | নির্বাহী প্রকৌশলী নরসিংদী পৌরসভা। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য(টাকা) |
|---|---|---|
| ০১. | W-(OIPT) : Part-1 : Construction public Toilet in DC office under Narsingdi paurashava. Dist-Narsingdi(Civil Works). | 4,82,841.25 |
| ০২. | W-(O2PT) : Part-2 : Construction public Toilet in DC office under Narsingdi paurashava. Dist-Narsingdi (Sanatar+ Electrical Works). | 4,09,957.90 |
| ০৩. | W-(O3PT) : Repair of public Toilet in Brahamondi Natun Bazar under Narsingdi paurashava, Dist-Narsingdi. | 4,31593.88 |
| ০৪. | SD-(O4D) :Construction RCC U-Drain starting from H/O Benu Khandakarat Basail to H/O Mr Mostafa via H/O Mr. Habib under Narsingdi paurashava, Dist-Narsingdi(Ch00-0+805m). | 7,16,940.58 |
| ০৫. | SD-(O5R) : Construction CC road H/O Benu Khandakarat at Basail to H/O Mr Mostafa via H/O Mr. Habib under Narsingdi paurashava, Dist-Narsingdi(Ch00-0+805m). | 7,16,940.58 |
| ০৬. | W-(A1CD) : Construction & Repairing of RCC Pipe drain starting from Rajanigonda Chattar to pathar Ghata Outfall via UMC Colony under Narsingdi paurashava, Dist-Narsingdi(Ch00-1+00m). | 15,04,297.24 |
| ০৭. | W-(A2CD) : Cleaning & Repairing of RCC Pipe drain starting from Kawriapara Eidghah to pathar Ghata Outfall under Narsingdi paurashava, Dist-Narsingdi(Ch00-0+805m). | 12,17,261.83 |
| ০৮. | W-(A3CD) : Cleaning & Repairing of RCC Pipe drain starting from Khatehara Bridge to kawriapara Eidghah under Narsingdi paurashava, Dist-Narsingdi(Ch00-1+958m). | 33,92,587.19 |
| ০৯. | W-(A4CD) : Supplying placing and fixing of Grill fancing around Mukti Chattar at new Bus stant under Narsingdi paurashava, Dist-Narsingdi. | 10,31,972.50 |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৭। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন। | সভাপতির অনুমতিক্রমে অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মাহফুজুর রহমান সভায় জানান যে, বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য মন্ত্রণালয় হতে পত্র জারি করেছেন, তাই এই বিষয়ে পরিষদ সভার সিদ্ধান্ত আবশ্যক। | উল্লেখিত আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর উপস্থিত সদস্যবৃন্দ জানান যে, সর্বনিম্ন ২০,০০০/- টাকা বকেয়া পৌরকর দাতাদের তালিকা তৈরী করে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর সহ বকেয়া কর আদায় করার তাগিদ দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয় এবং পৌরকর আদায় করে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা হবে মর্মেও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌর পরিষদ ও কর আদায় শাখা নরসিংদী পৌরসভা। |
| ০৮। সমস্ত পৌর এলাকার ড্রেনের স্লাব বসানো বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। | সভাপতির অনুমতিক্রমে জনাব আজিজুর রহমান, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, নরসিংদী পৌরসভা নরসিংদী। তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করে বলেন আসন্ন শারদীয় দূর্গাপূজা। পৌর এলাকায় অনেক ড্রেনের স্লাব ভেঙ্গে গেছে। তাই স্লাব নির্মাণ করে ড্রেনের উপর স্লাব লাগানোর প্রস্তাব করেন। | উক্ত আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে জরুরী ভিত্তিতে পূজার পূর্বেই স্লাব নির্মাণ করে সমগ্র পৌর এলাকায় স্থাপন করার জন্য নির্বাহী প্রকৌশলী, নরসিংদী পৌরসভা নরসিংদীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | নির্বাহী প্রকৌশলী নরসিংদী পৌরসভা |
| ০৯। জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। | উপস্থিত কাউন্সিলরবৃন্দ সভাপতির অবগতির জন্য জানান যে, বিগত জুন/২৩ মাসের মাসিক সাধারণ সভার আলোচ্যসূচী-৫-এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল হালসন পর্যন্ত পৌরকর পরিশোধ করা না হলে জন্ম-মৃত্যু সনদ প্রদান করা যাবে না মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। এতে করে পৌর নাগরিকগন তাঁদের জরুরী প্রয়োজনে জন্ম-মৃত্যু সনদ নিতে এসে অনেক হয়রানি হচ্ছে এবং বর্তমান পরিষদের সুনাম ক্ষুন্ন হচ্ছে। তাই জন্ম-মৃত্যু সনদ ব্যতীত অন্যান্য সেবার জন্য পৌর কর পরিশোধের বিষয়টি সংযোজন করে বিগত সভার সিদ্ধান্ত আংশিক সংশোধনী আনার জন্য অনুরোধ জানান। | উক্ত আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর জন্ম-মৃত্যু সনদ ব্যতীত অন্যান্য সনদ প্রদানের ক্ষেত্রে হালসন পর্যন্ত পৌর কর আদায়ের বিষয়টি বহাল রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | মেডিকেল অফিসার নরসিংদী পৌরসভা |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| বিবিধ-০১। ট্রেড লাইসেন্স ফিস হ্রাস করণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। | সভাপতির অনুমতিক্রমে অত্র পৌরসভার লাইসেন্স পরিদর্শক জনাব মোঃ আশ্রাফুল ইসলাম ভূইয়া পরিষদ সভায় জানান যে, প্রাইভেট হাসপাতাল/ক্লিনিক ও ডায়াগনোষ্টিক সেন্টার মালিক সমিতি তাদের ট্রেড লাইসেন্স ফিস পূনঃ নির্ধারণ করার জন্য মেয়র মহোদয় বরাবর আবেদন দাখিল করেছেন। তাদের আবেদন বিবেচনা পূর্বক লাইসেন্স ফিস হ্রাস করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য সভাপতিসহ উপস্থিত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন এবং ফিস হ্রাস করা হলে পুনঃ ফিস নির্ধারনের জন্য পরিষদ সভায় অনুমতি প্রদানের প্রস্তাব রাখেন। | উক্ত আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে প্রাইভেট হাসপাতাল/ ক্লিনিক ও ডায়াগনোষ্টিক সেন্টার মালিক সমিতির আবেদনের বিষয়টি বিবেচনায় এনে ২০২৩-২০২৪ অর্থ বছর হতে অর্থাৎ ১লা জুলাই/ ২০২৩ হতে পূর্বের নির্ধারিত ফিস বাতিল পূর্বক প্রাইভেট হাসপাতাল/ ক্লিনিক বার্ষিক ১৭,৫০০/- টাকা ও ডায়াগনোষ্টিক সেন্টার-১০,০০০/- টাকা আদায় করার জন্য লাইসেন্স পরিদর্শককে নির্দেশ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | লাইসেন্স পরিদর্শক নরসিংদী পৌরসভা। |
| বিবিধ-০২। খেলাপী ঋণ আদায় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। | সভাপতির অনুমতিক্রমে অত্র পৌরসভার বস্তি উন্নয়ন শাখার সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব সেলিনা খাতুন লাইসেন্স সভায় জানান যে, পৌরসভা এলাকার ৬ জন ও কিশোরগঞ্জ এর ১ জন মোট ৭ জন লোককে বিধি সম্মতভাবে প্রকল্পখাত হতে ২,০৪,৯০০/- (দুই লক্ষ চার হাজার নয়শত) টাকা ঋণ প্রদান করা হয়েছিল যা ঋণ গ্রহিতাগণ প্রতি মাসে কিস্তি পরিশোধ করে ঋণ পরিশোধ করবেন। কিন্তু তাদেরকে তাগিদ দেয়া সত্ত্বেও কয়েক মাস যাবত কিস্তি পরিশোধ করছে না এমনকি অফিসে যোগাযোগ রক্ষা করছে না। তাদের নিকট হতে কিভাবে ঋণ আদায় করা যায় এই বিষয়ে পরিষদ সভার সিদ্ধান্ত আবশ্যক। | উপরোক্ত আলোচ্য সূচীর উপর বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরকে সাথে নিয়ে ঋণ গ্রহিতাদের পুনঃরায় তাগিদ দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। অতঃপর পরবর্তীতে ঋণ গ্রহিতাদের নামে পৌর বিধি মোতাবেক আইনি অথবা মামলা দিয়ে ঋণ আদায় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সমাজ উন্নয়ন কর্মকর্তা নরসিংদী পৌরসভা। |
| বিবিধ-০৩। বিগত জুন/২০২৩ মাসের উন্নয়ন ও রাজস্ব খাতের খরচের বিল অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌরসভার হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব হুমায়ূণ রশীদ চৌধুরী জুন/২০২৩ ইং মাসের পৌরসভার উন্নয়ন, সাধারন রাজস্ব খাত ও অন্যান্য ব্যয় এবং পানি শাখার বেতন ভাতা, বিদ্যুৎ বিল ও অন্যান্য ব্যয় অনুমোদন করার জন্য খাত ওয়ারি পরিষদ সভায় উপস্থাপন করেন। | উল্লেখিত আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনার পর জুন/২০২৩ ইং মাসের সাধারন রাজস্ব খাতে বেতনভাতা, উন্নয়ন ও অন্যান্য ব্যয়সহ সর্বমোট- ২,৬৪,১৪,৫৭৫/- (দুই কোটি চৌষট্টি লক্ষ চৌদ্দ হাজার পাঁচশত পঁচাত্তর) টাকা মাত্র এবং পানি শাখার বেতন ভাতা, বিদ্যুৎ বিল ও অন্যান্য সর্বমোট-৯,৮২,৫৬০.০০ (নয় লক্ষ বিরাশি হাজার পাঁচশত ষাট) টাকা মাত্র ব্যয় সর্বসম্মতক্রমে অনুমোদন করা হয়। | হিসাবরক্ষণ কর্মকর্তা নরসিংদী পৌরসভা |

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭.৭.২৩

২৭/৭/২৩

(আমজাদ হোসেন বাচ্চু)
সভাপতি
ও
মেয়র
নরসিংদী পৌরসভা
নরসিংদী।

স্মারক নং- নঃ পৌঃ সঃ/প্রশাঃ/পরিষদ সভা/সাধা-১০/২০২৩/২৫৫(৩০) তারিখ ঃ ২৭/০৭/২০২৩ খ্রিঃ।

কার্যার্থে ও জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হইল ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নরসিংদী।
৩। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী।
৪। জনাব/বেগম------------------------------------------ কাউন্সিলর (সকল), নরসিংদী পৌরসভা, নরসিংদী।
৫। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, নরসিংদী পৌরসভা, নরসিংদী।
৬। সংশ্লিষ্ট নথি, নরসিংদী পৌরসভা, নরসিংদী।

২৭.৭.২৩

২৭/৭/২৩

(আমজাদ হোসেন বাচ্চু)
সভাপতি
ও
মেয়র
নরসিংদী পৌরসভা
নরসিংদী।